

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.১৮.০১৬.১৬-৩৮৭


তারিখ : ২৮ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : আগামী ২৮ এপ্রিল ২০১৯ 'জাতীয় আইনগত সহায়তা দিবস' উপলক্ষে সরকারি আইনগত সহায়তা বিষয়ক তথ্যসহ সরকারের সাফল্য সংক্রান্ত কার্যক্রম প্রচারের জন্য ঢাকা মহানগরের বিভিন্ন সড়ক সজ্জিতকরণ ও প্রচারণা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আর্থিকভাবে অসচ্ছল, সহায়সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থী জনগণকে আইনগত সহায়তা প্রদানের জন্য বর্তমান সরকার 'আইনগত সহায়তা প্রদান আইন'- ২০০০ প্রণয়ন করে। সমাজের সর্বস্তরের মানুষের মধ্যে আইনগত অধিকার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে সরকার ২৮ এপ্রিল কে 'জাতীয় আইনগত সহায়তা দিবস' হিসেবে ঘোষণা করেছে। প্রতিবছর নানা আয়োজনের মধ্য দিয়ে এ দিবসটি উদযাপন করা হয়ে থাকে।

০২। আগামী ২৮ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ রবিবার সারাদেশে দিবসটি উদযাপনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। কেন্দ্রীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথির আসন অলঙ্কৃত করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। সাধারণ, অসহায় ও দরিদ্র বিচারপ্রার্থী জনগোষ্ঠী সরকারি খরচে বিনামূল্যে আইনগত সহায়তা প্রাপ্তির বিষয়টি ব্যাপক প্রচারণার প্রয়োজন। এ লক্ষ্যে ২৬-৩০ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ পর্যন্ত জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে আইন ও বিচার বিভাগের আওতাধীন জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা ও সংস্থা কর্তৃক মনোনীত বিভিন্ন প্রতিষ্ঠান দ্বারা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিম্নবর্ণিত স্থানসমূহে সরকারি আইনগত সহায়তা বিষয়ক তথ্যসহ সরকারের সাফল্য সংক্রান্ত কার্যক্রম পোস্টার, ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন, কাটআউট, ডিজিটাল ডিসপ্লে এর মাধ্যমে প্রচার ও সজ্জিতকরণের নিমিত্ত অনুমতি ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

| ক্রম | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের স্থানসমূহ |
|------|--|
| ১ | বিজয় স্মরণী চত্বর (পূর্ব-পশ্চিম উভয় পাশ) |
| ২ | ফার্মগেট মোড় |
| ৩ | মহাখালী ওভার ব্রিজ সংলগ্ন |
| ৪ | বনানী চত্বর |
| ৫ | এমএসগেট (হোটেল রেডিসন এর সামনের চত্বর) |
| ৬ | কারওয়ান বাজার সার্ক ফোয়ারা |


(তেজবুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjusticediv.gov.bd
ফোন : ৯৫৭৭৪২০

মেয়র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

৮১, গুলশান এভিনিউ, গুলশান, ঢাকা।

জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। যুগ্ম-সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৮। উপ-সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৯। অফিস কপি